ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৭ বর্ষ ৬ষ্ঠ সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১ আষাঢ় ১৪৩০, ১৫ জুন ২০২৩

বঙ্গমাতা সেন্টারের উদ্যোগে সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ-এর উদ্যোগে "Empowering Future: Youth as the Architect of Smart Bangladesh" শীর্ষক এক সেমিনার গত ৩১ মে ২০২৩ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে সেমিনারে শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী এমপি প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জিয়া রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন আসাদুজ্জামান নূর এমপি। স্বাগত বক্তব্য দেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সেন্টার ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ-এর পরিচালক অধ্যাপক ড. তানিয়া হক।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বিশ্বায়নের যুগে প্রযুক্তির সর্বোচ্চ সদ্ব্যবহারের উপর গুরুত্বারোপ করে বলেন, তরুণরা সমাজ পরিবর্তনের হাতিয়ার। সময় ও সুযোগের সঠিক ব্যবহারের মাধ্যমে তরুণদের প্রযুক্তিতে দক্ষতা অর্জন করতে হবে এবং আত্মনির্ভরশীল মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। স্মার্ট বাংলাদেশ গড়ার কাজে নেতৃত্ব দেয়ার জন্য তিনি তরুণ সমাজের প্রতি আহ্বান জানান।

শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী এমপি স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করে বলেন, নারীদের জন্য কাজের নিরাপদ পরিবেশ সৃষ্টি করতে হবে এবং তাদের আত্মবিশ্বাসী করে তুলতে হবে। নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের ক্ষেত্রে প্রতিক্রিয়াশীল গোষ্ঠী যাতে বাধা সৃষ্টি না করতে পারে, সে ব্যাপারে তরুণ সমাজকে সচেতন থাকতে হবে।

আসাদুজ্জামান নূর এমপি নিজস্ব সৃষ্টিশীলতাকে কাজে লাগিয়ে আধুনিক ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের কাজে এগিয়ে আসার জন্য তরুণ সমাজের প্রতি আহ্বান জানান।

বঙ্গবন্ধুর জীবন ও দর্শন থেকে রাজনীতিবিদদের শিক্ষা গ্রহণ করতে হবে–উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শন থেকে শিক্ষা গ্রহণের জন্য দেশের রাজনীতিবিদদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, বঙ্গবন্ধু গণমানুষের শান্তির কথা বিবেচনা করে আন্দোলন-সংগ্রামের কর্মসূচি ঘোষণা করতেন। সাধারণ মানুষের দুঃখ-কষ্ট লাঘব করা ছিলো তাঁর রাজনীতির মূল দর্শন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষ্যে গত ২৩ মে ২০২৩ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন। (৩য় পৃষ্ঠায় দেখুন)

আগামী ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপিত হবে

আগামী ১ জুলাই ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন করা হবে। এবছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিশ্ববিদ্যালয়'। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে গত ২৯ মে ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত এক সভায় বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন।

সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, রেজিস্ট্রার, সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর এবং অফিস প্রধানগণ উপস্থিত ছিলেন।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ১ জুলাই ২০২৩ সকাল ১০টায় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের এক বর্ণাঢ্য শোভাযাত্রা (৩য় পৃষ্ঠায় দেখুন)

একাত্তরের গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি চাই-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ১৯৭১ সালে পাকিস্তানী হানাদার বাহিনীর নৃশংস গণহত্যার চিত্র তুলে ধরে বলেছেন, এই ন্যক্কারজনক গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করতে হবে। গত ২২ মে ২০২৩ প্রশাসনিক ভবনস্থ অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে আয়োজিত গণহত্যা বিষয়ক এক আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

আমরা একাত্তর, ইউরোপিয়ান বাংলাদেশ ফোরাম (ইবিএফ) এবং প্রজন্ম' ৭১ যৌথভাবে এই আন্তর্জাতিক সম্মেলন আয়োজন করে।

আমরা একাত্তরের চেয়ারম্যান মাহবুব জামানের সভাপতিত্বে সম্মেলনে নেদারল্যান্ডস-এর মানবাধিকার কর্মী হ্যারি ভ্যান বোমেল, ব্রিজে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এ্যানথনি হলসল্যাগ, যুক্তরাজ্যের সিনিয়র সাংবাদিক ক্রিস ব্লাকবার্ন, ইউরোপিয়ান বাংলাদেশ ফোরামের নেদারল্যান্ডস-এর সভাপতি বিকাশ চৌধুরী বড়ুয়া, বিশিষ্ট সাংবাদিক, লেখক ও গবেষক শাহরিয়ার কবির, মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি মফিদুল হক সহ দেশ বিদেশের জেনোসাইড বিশেষজ্ঞ, গণমাধ্যম ব্যক্তিত্ব, শহিদ সন্তান ও শহিদ পরিবারের সদস্যরা এই সম্মোলনে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ১৯৭১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় ছিল গণহত্যার মূলকেন্দ্র। পৃথিবীর ইতিহাসে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে এধরনের নৃশংস গণহত্যার নজির নেই। দেশের স্বাধীনতা বিরোধীরা এই গণহত্যায় সহযোগিতা করেছিল। বাংলাদেশে গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির দাবিতে সম্মেলন আয়োজন করায় তিনি সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান।

নিউক্লিয়ার ফেস্ট এন্ড রিসার্চ ফেয়ার অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে দিনব্যাপী 'নিউক্লিয়ার ফেস্ট এন্ড রিসার্চ ফেয়ার' গত ১৬ মে ২০২৩ বিশ্ববিদ্যালয়ের জিমনেসিয়ামে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ফেয়ার উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন ড. আফরোজা শেলীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার পাল এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশে পারমাণবিক শিল্পের বিকাশে দক্ষ মানব সম্পদ তৈরির ওপর গুরুত্বারোপ করে বলেন, আন্তঃবিভাগীয় গবেষণামূলক সম্পর্ক বৃদ্ধি এবং ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সহযোগিতা আরও জোরদার করার মাধ্যমে এই খাতের উন্নয়ন ঘটাতে হবে। বৈজ্ঞানিক গবেষণা, উদ্ভাবন ও আবিষ্কারের মাধ্যমে 'স্মার্ট বাংলাদেশ' গড়ার ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালনের জন্য তিনি শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, দিনব্যাপী এই 'নিউক্লিয়ার ফেস্ট এন্ড রিসার্চ ফেয়ারে' উদ্ভাবন বিষয়ক পোস্টার ও গবেষণাকর্ম প্রদর্শন, কুইজ প্রতিযোগিতাসহ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

ভূমিকম্প বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের উদ্যোগে 'Commemoration of 12 June 1897 Great Indian Earthquake: Towards Preparedness and Awareness for Earthquake Risk Mitigation' শীর্ষক এক সেমিনার গত ১০ জুন ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম, এমপি প্রধান অতিথি এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান, এমপি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল সেমিনারে সভাপতিত্ব করেন।

সেমিনারে আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জিল্লুর রহমান স্বাগত বক্তব্য দেন। এছাড়া, অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, অধ্যাপক ড. মো. জিল্লুর রহমান এবং একশন এইড বাংলাদেশ-এর কনসোর্টিয়াম ম্যানেজার এ এম নাসির উদ্দিন পৃথকভাবে ৩টি গবেষণাকর্ম উপস্থাপন করেন। আলোচনায় অংশগ্রহণ করেন ভূতত্ত্ব বিভাগের (৩য় পৃষ্ঠায় দেখুন)

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৭ মে ২০২৩ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরী পারভেজের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যানের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের মহাসচিব মোল্লা মোহাম্মাদ আবু কাওছার, সাবেক সভাপতি রকিবুদ্দিন আহমেদ, সাবেক মহাসচিব রঞ্জন কর্মকার এবং সাংগঠনিক সম্পাদক শেখ সালাহ্উদ্দিন আহম্মেদ।

ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু রচিত 'স্বপ্নের স্মার্ট বাংলাদেশ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা' শীর্ষক গ্রন্থের প্রকাশনা উৎসব গত ৩০ মে ২০২৩ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ, এমপি প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত হয়ে গ্রন্থের মোড়ক উন্মোচন করেন। এতে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের এক্সিকিউটিভ এমবিএ প্রোগ্রামের ১ম ও ২য় ব্যাচের নবীনবরণ অনুষ্ঠান গত ২৯ মে ২০২৩ বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. আব্দুল্লাহ ফারুক মাল্টিপারপাজ হলে অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক ড. হাসিনা শেখ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে ভূমি মন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী, এমপি প্রধান অতিথি, বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ সম্মাননীয় অতিথি এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম ও ঢাবি বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মুহাম্মাদ আব্দুল মঈন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, অন্যান্যের মধ্যে ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া উপস্থিত ছিলেন।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৬ জুন ২০২৩ কার্জন হল এলাকায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্ভিদবিজ্ঞান বিভাগ এবং উদ্ভিদবিজ্ঞান অ্যালামনাই অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন।

২১জন গবেষকের পিএইচ.ডি. এবং ১১জনের এম.ফিল. ডিগ্রি অর্জন

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সম্প্রতি ২১জন গবেষক পিএইচ.ডি. এবং ১১জন এম.ফিল. ডিগ্রি অর্জন করেছেন। গত ৩০ এপ্রিল ২০২৩ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় তাদের এসব ডিগ্রি প্রদান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন। পিএইচ.ডি. ডিগ্রিপ্রাপ্তরা হলেন- উর্দু বিভাগের অধীনে মুহাম্মদ ইয়াছিন, ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে মুহাম্মদ আতিকুর রহমান, মোহা: মেসবাহ উদ্দীন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধীনে মো. নাসিরুল ইসলাম, প্রাণিবিদ্যা বিভাগের অধীনে মো. আরিফুল আনোয়ার খান, প্রাণিবিদ্যা বিভাগের অধীনে ইয়াসমীন সুলতানা, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধীনে হুমায়রা রশীদ, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধীনে সানজিদা রহমান মল্লিকা, জেসমিন আক্তার জলি, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অধীনে সেলিনা ফাতেমা বিনতে শহিদ, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধীনে সবুর আহমেদ, ফাতেমা-তুজ-জোহরা, মো. আল-আমীন, আইন বিভাগের অধীনে হাফিজ আহমেদ চৌধুরী, ম্যানেজমেন্ট বিভাগের অধীনে পারুল আখ্তার, নূরে আক্তার, নাফিজা ইসলাম, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের অধীনে নাঈমাতুল জান্নাত নিপা, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধীনে মোহাম্মদ আলী আজগর চৌধুরী, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের অধীনে শেখ মোহাম্মদ সায়েম এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের অধীনে মনিশংকর সরকার।

এম.ফিল ডিগ্রিপ্রাপ্তরা হলেন- আরবী বিভাগের অধীনে তাছমিনা আফরোজ, মো. মিজানুর রহমান, ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের অধীনে লায়লা খালেদা রিমি, ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে মো. রাশেদুল ইসলাম, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধীনে মোহাম্মদ আবু জাফর, শামীমা আকতার, রসায়ন বিভাগের অধীনে আব্দুল্লাহ নাসির পুলক, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অধীনে রেহনুমা পারভীন নিঝুম, সায়মুন নেছা, এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের অধীনে সৈয়দা আমিনা ইফাত এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব হেলথ সায়েন্সেস-এর অধীনে অমবিকা বানিয়া।

ডি.বি.এ. ডিগ্রিপ্রাপ্ত হলেন- ম্যানেজমেন্ট বিভাগের অধীনে এস. এম. রেজাউল আহসান।

বিশ্ব সমুদ্র দিবস পালিত

সমুদ্রবিজ্ঞান বিভাগের উদ্যোগে গত ৮ জুন ২০২৩ 'বিশ্ব সমুদ্র দিবস' পালিত হয়েছে। এ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে সকালে কার্জন হল প্রাঙ্গণে এক র‍্যালি বের করা হয়। এবছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে 'প্লানেট ওসেন: টাইডস্ আর চেঞ্জিং'।

র‍্যালিতে আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জিল্লুর রহমান, সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. কে এম আজম চৌধুরী এবং ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়াসহ শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ অংশ নেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আমাদের আশেপাশের পরিবেশ দূষিত হওয়ার কারণে সমুদ্র দূষণ বেড়ে চলেছে। সমুদ্র রক্ষায় পরিবেশ পরিচ্ছন্ন রাখতে সকলকে আরও সচেতন হতে হবে।

এছাড়া দিবসটি উপলক্ষ্যে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'ব্লু ইকোনমির সম্ভাবনা' বিষয়ক এক সেমিনার অনুষ্ঠিত হয়। প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে সেমিনারে তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহ্মুদ, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সেমিনারে শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি, পরিকল্পনা কমিশনের সদস্য অধ্যাপক ড. মো. কাউসার আহাম্মদ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জিল্লুর রহমান, জার্মান এজেন্সি ফর ইন্টারন্যাশনাল কো-অপারেশন (জিআইজি)-এর মুখ্য উপদেষ্টা ড. স্টেফান আলফ্রেড গ্রোয়েনিওল্ড এবং ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অফ ন্যাচার (আইইউসিএন)-এর বাংলাদেশ প্রতিনিধি রকিবুল আমিন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সমুদ্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. কে এম আজম চৌধুরী এবং বিভাগের ভিজিটিং অধ্যাপক ড. তনিয়া অস্ট্রিড কপুয়ানো মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

ভাস্কর্য বিভাগের 'বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০২০ ও ২০২১'-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২২ মে ২০২৩ চারুকলা অনুষদের ওসমান জামাল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কারপ্রাপ্ত শিল্পীদের মধ্যে সনদ ও পুরস্কার বিতরণ করেন। এসময় চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন উপস্থিত ছিলেন।

প্রাচ্যকলা বিভাগের সপ্তাহব্যাপী 'বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী' চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে গত ২৫ মে ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষদের ওসমান জামাল মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করেন। পরে উপাচার্য পুরস্কারপ্রাপ্ত শিল্পীদের মধ্যে সনদ ও পুরস্কার বিতরণ করেন। এসময় চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন উপস্থিত ছিলেন।

অধ্যাপক ও বিশিষ্টজনের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

জনপ্রিয় অভিনেতা ফারুক

বীর মুক্তিযোদ্ধা, জনপ্রিয় অভিনেতা ও সংসদ সদস্য আকবর হোসেন পাঠান (ফারুক)-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১৫ মে ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, চিত্রনায়ক ফারুক ছিলেন সারাজীবন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শের অনুসারী। খ্যাতিমান এই চলচ্চিত্র অভিনেতা ঐতিহাসিক ৬-দফা আন্দোলন, মহান মুক্তিযুদ্ধসহ দেশের বিভিন্ন গণতান্ত্রিক, সামাজিক ও সাংস্কৃতিক আন্দোলনে অনন্য অবদান রেখেছেন। জনপ্রিয় এই অভিনেতার অভিনয় সাধারণ মানুষের হৃদয় ছুঁয়েছে। অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধসম্পন্ন গুণী এই অভিনেতার মৃত্যুতে দেশের চলচ্চিত্র অঙ্গনের অপূরণীয় ক্ষতি সাধিত হলো। এদেশের সাংস্কৃতিক অঙ্গন ও চলচ্চিত্র শিল্পের উন্নয়ন ও বিকাশে অসাধারণ অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, আকবর হোসেন পাঠান (ফারুক) গত ১৫ মে ২০২৩ সিঙ্গাপুরের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর।

অধ্যাপক ড. মো. আশরাফ আলী খান



উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সাবেক পরিচালক ও অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. মো. আশরাফ আলী খান-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

গত ১ জুন ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. মো. আশরাফ আলী খান ছিলেন অত্যন্ত সৎ, বিনয়ী, নম্র ও সজ্জন চরিত্রের একজন খ্যাতিমান শিক্ষক ও গবেষক। দেশপ্রেমিক, অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধসম্পন্ন এই গুণী শিক্ষক শিক্ষা প্রশাসন ও শিক্ষা ব্যবস্থাপনা বিষয় নিয়ে জাতীয় দৈনিক পত্রিকায় নিয়মিত কলাম লিখেছেন। ইনস্টিটিউটের শিক্ষক ও শিক্ষার্থীর কাছে তিনি অত্যন্ত জনপ্রিয় ছিলেন। শিক্ষা বিষয়ক ও শিক্ষা পদ্ধতির উন্নয়নে তাঁর অনেক মৌলিক গবেষণা রয়েছে। শিক্ষা বিস্তার ও গবেষণার উন্নয়নে অনন্য অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন বলে উপাচার্য উল্লেখ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, অধ্যাপক ড. মো. আশরাফ আলী খান গত ১ জুন ২০২৩ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

অধ্যাপক আহমদ ফখরুল আলম



উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক আহমদ ফখরুল আলম-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

গত ৭ জুন ২০২৩ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক আহমদ ফখরুল আলম ছিলেন অত্যন্ত সৎ, বিনয়ী, সজ্জন ও স্পষ্টবাদী একজন খ্যাতিমান শিক্ষক ও গবেষক। মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী, দেশপ্রেমিক, অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধসম্পন্ন এই গুণী শিক্ষক মার্কেটিং বিভাগের চেয়ারম্যানসহ বিভিন্ন পদে অত্যন্ত সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন। বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের কাছে অত্যন্ত জনপ্রিয় এই নীতিবান শিক্ষকের অনেক মৌলিক গবেষণা রয়েছে। মার্কেটিং শিক্ষা বিস্তার ও গবেষণার উন্নয়নে অনন্য অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন বলে উপাচার্য উল্লেখ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, অধ্যাপক আহমেদ ফখরুল আলম গত ০৬ জুন ২০২৩ উত্তরার নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

জাইকা প্রতিনিধিদল

জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা)-এর সিনিয়র উপদেষ্টা ড. ওয়াতানাবে কোইচিরোর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৭ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা ছিলেন জাইকা রিপ্রেজেনটেটিভ চিনাৎসু ইহা, প্রোগ্রাম অফিসার টমিতা নরিফুমি এবং আলিমুল হাসান।

এ সময় অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু এবং জাপানের কিউশু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. বিদ্যুৎ বরণ সাহা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু চেয়ার এবং জাপানের জাইকা চেয়ারের মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধানে যৌথ ডিগ্রি প্রোগ্রাম চালুর সম্ভাব্যতা নিয়ে বৈঠকে আলোচনা করা হয়।

পরে জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) এর সিনিয়র উপদেষ্টা ড. ওয়াতানাবে কোইচিরো ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস) কনফারেন্স রুমে 'জাপানে প্রকৌশল শিক্ষার ইতিহাস' শীর্ষক এক সেমিনারে বক্তৃতা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ এই সেমিনার আয়োজন করে।

চীনা দূতাবাসের কাউন্সেলর

ঢাকাস্থ চীনা দূতাবাসের কালচার এন্ড এডুকেশন অ্যাফেয়ার্স-এর কাউন্সেলর মি. লিওয়েন জু গত ১৭ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তাঁরা বহুমুখী গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'দি সেন্টার ফর চায়না স্টাডিজ' নামে একটি গবেষণাধর্মী সেন্টার প্রতিষ্ঠার বিষয়ে আলোচনা করেন। এবিষয়ে শীঘ্রই একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হবে বলে তাঁরা আশা প্রকাশ করেন। এছাড়া, সেন্টারটি প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা নিয়ে ভার্চুয়ালি একটি আন্তর্জাতিক সেমিনার আয়োজনের বিষয়েও তাঁরা ফলপ্রসূ আলোচনা করেন।

সুইডেনের অধ্যাপক

সুইডেনের লুলিয়া ইউনিভার্সিটি অব টেকনোলজি-এর সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. কার্ল অ্যান্ডারসন গত ১৯ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সুইডেনের লুলিয়া ইউনিভার্সিটি অব টেকনোলজি'র মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

ইউনেস্কো পরিচালক

ঢাকাস্থ জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (ইউনেস্কো)-এর পরিচালক ড. সুসান ভাইজ গত ২৮ মে ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় তাঁর সাথে ছিলেন ঢাকাস্থ ইউনেস্কো'র হেড অব এডুকেশন মিস. হুহুয়া ফ্যান এবং শিক্ষা বিষয়ক ন্যাশনাল প্রোগ্রাম অফিসার মি. ধানা রঞ্জন ত্রিপুরা।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয় নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় ও ইউনেস্কোর মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদার করার ব্যাপারে মত বিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'ইউনেস্কো চেয়ার' প্রতিষ্ঠার বিষয়ে তাঁরা ফলপ্রসূ আলোচনা করেন। এসময় ড. সুসান ভাইজ এই 'ইউনেস্কো চেয়ার' প্রতিষ্ঠার অগ্রগতি এবং এর আওতায় সম্ভাব্য যেসব বিষয়ে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালিত হবে, সেসম্পর্কে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে অবহিত করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয় আসা এবং এর সাথে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণে আগ্রহ প্রকাশ করায় ইউনেস্কো'র পরিচালক ড. সুসান ভাইজকে আন্তরিক ধন্যবাদ

জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা)-এর সিনিয়র উপদেষ্টা ড. ওয়াতানাবে কোইচিরোর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ১৭ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করে।

সুইডেনের লুলিয়া ইউনিভার্সিটি অব টেকনোলজি-এর সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. কার্ল অ্যান্ডারসন গত ১৯ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঢাকাস্থ জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (ইউনেস্কো)-এর পরিচালক ড. সুসান ভাইজ গত ২৮ মে ২০২৩ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

বঙ্গবন্ধুর জীবন ও দর্শন

(১ম পৃষ্ঠার পর) সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. জিনাত হুদা, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়নসহ ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন, তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি এবং চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের অনারারি অধ্যাপক ড. খন্দকার বজলুল হক মূল প্রবন্ধ উপস্থাপন করেন। রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বিশ্ব শান্তি পরিষদ বাংলাদেশ জাতি রাষ্ট্র প্রতিষ্ঠার আগে ও পরে বিভিন্ন পর্যায়ে মূল্যায়ন করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জুলিও কুরি' শান্তি পদক প্রদানের সিদ্ধান্ত নেয়। বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের সকল পর্যায়েই বঙ্গবন্ধুর অবস্থান ছিলো শোষিত ও বঞ্চিত মানুষের পক্ষে। বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক, মানবিক ও শান্তির দর্শন নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

আগামী ১ জুলাই

(১ম পৃষ্ঠার পর) স্মৃতি চিরন্তন চত্বর থেকে শুরু হয়ে ছাত্র-শিক্ষক কেন্দ্রে শেষ হবে। ছাত্র-শিক্ষক কেন্দ্রে জাতীয় পতাকা, ঢাকা বিশ্ববিদ্যালয় ও হলসমূহের পতাকা উত্তোলন, জাতীয় সংগীত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিম সং ও উদ্বোধনী সংগীত পরিবেশন, কেক কাটা এবং পায়রা ও বেলুন উড্ডয়ন করা হবে। এরপর সকাল সাড়ে ১০টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিশ্ববিদ্যালয়' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। মূল বক্তা হিসেবে প্রতিপাদ্য বিষয়ে বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান।

দিবসটি উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রবেশদ্বারে তোরণ নির্মাণ এবং গুরুত্বপূর্ণ ভবন ও স্থাপনাসমূহে আলোকসজ্জা করা হবে।

আধুনিক ভাষা ইনস্টিটিউটে সেমিনার

আধুনিক ভাষা ইনস্টিটিউটের উদ্যোগে "বাংলাদেশে বিদেশি ভাষা হিসেবে আরবি ভাষা শিক্ষা কার্যক্রম ঃ সমস্যা ও সম্ভাবনা" শীর্ষক এক সেমিনার গত ৮ জুন ২০২৩ ইনস্টিটিউটের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. এবিএম রেজাউল করিম ফকিরের সভাপতিত্বে সেমিনারে বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত আব্দুল্লাহ আলী আল হামুদী সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আরবি ভাষা শুধু ধর্মীয় এবং কোরআনের ভাষা হিসেবে বিবেচিত নয়, বরং বৈশ্বিক পর্যায়ে যোগাযোগ ও সম্পর্ক স্থাপনে এবং ইতিহাস ও সাংস্কৃতিক ঐতিহ্যের ক্ষেত্রে এটি একটি অন্যতম শক্তিশালী মাধ্যম।

'চীনা ভাষা প্রতিযোগিতা' অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় কনফুসিয়াস ইনস্টিটিউটের উদ্যোগে '২২তম চীনা ভাষা প্রতিযোগিতা' গত ১০ জুন ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি এবং বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত মি. ইয়াও ওয়েন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. এবিএম রেজাউল করিম ফকির, কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক ড. ইয়াং হু ই, চীনা দূতাবাসের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশের অনেক তরুণ মেধাবী গবেষক ও শিক্ষার্থী চীনা ভাষা, সাহিত্য ও সংস্কৃতির প্রতি দিন দিন আগ্রহী হয়ে উঠেছেন। বাংলাদেশ ও চীনের মধ্যে দীর্ঘকাল ধরে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজমান রয়েছে। বাংলাদেশের অনেক বৃহৎ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে চীনের সহযোগিতা রয়েছে। চীনা ভাষা, ইতিহাস, সাহিত্য ও সংস্কৃতি সম্পর্কে জ্ঞান ও দক্ষতা অর্জনে এই প্রতিযোগিতা শিক্ষার্থীদের আরও উৎসাহিত ও অনুপ্রাণিত করবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

রাষ্ট্রদূত মি. ইয়াও ওয়েন বলেন, চীনা ভাষা প্রতিযোগিতার মাধ্যমে দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার হবে। এই প্রতিযোগিতা আয়োজনের জন্য তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়কে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, দু'দেশের মানুষের মধ্যে সেতুবন্ধন তৈরিতেও এই প্রতিযোগিতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ভূমিকম্প বিষয়ক

(১ম পৃষ্ঠার পর) অনারারি অধ্যাপক ড. বদরুল ইমাম, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. রাকিব আহসান, জিওলজিক্যাল সার্ভে অব বাংলাদেশ-এর সাবেক মহাপরিচালক ড. এ কে এম খোরশেদ আলম ও ড. রেশাদ মো. একরাম আলী

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ১৮৯৭ সালে সংঘটিত 'দ্যা গ্রেট ইন্ডিয়ান আর্থকুয়েক' কথা স্মরণ করে বর্তমান বাংলাদেশের ভূমিকম্পের ঝুঁকির চিত্র তুলে ধরেন। ১৮৯৭ সালের ভূমিকম্পের তথ্য প্রমাণ উল্লেখ করে তিনি বলেন, এই ভূমিকম্প পুনঃসংঘটিত হতে প্রায় ৩৫০-৬৫০ বছর সময়কাল প্রয়োজন। তবে একটি ভূমিকম্পপ্রবণ এলাকায় যেকোন সময়ে ধ্বংসাত্মক ভূমিকম্প হতে পারে। দেশে মাঝারি মাত্রার ভূমিকম্প সংঘটিত হওয়ার মত প্রায় ১৩টি ভূতাত্ত্বিক ফাটলরেখা রয়েছে, যেগুলো ভূতাত্ত্বিকভাবে সক্রিয় বলে তিনি উল্লেখ করেন।

ক্রিমিনোলজি বিভাগের ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে গত ১ জুন ২০২৩ অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটেন। এসময় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জিয়া রহমান উপস্থিত ছিলেন।

আন্তঃহল (ছাত্রী) ও আন্তঃবিভাগ (ছাত্র) ক্রিকেট প্রতিযোগিতা-২০২৩-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ১৮ মে ২০২৩ বিশ্ববিদ্যালয় জিমনেশিয়ামে অনুষ্ঠিত হয়েছে। প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) ও ঢাবি স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

যথাযোগ্য মর্যাদায় জাতীয় কবির জন্মবার্ষিকী পালিত

‘অগ্নিবীণার’ বৈপ্লবিক চেতনায় বঙ্গবন্ধু অনুপ্রাণিত হয়েছেন–উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় কবি কাজী নজরুল ইসলামের অগ্নিবীণা কাব্যগ্রন্থের ১২টি অনবদ্য কবিতার বৈপ্লবিক, মানবিক ও অসাম্প্রদায়িক চেতনায় গভীরভাবে অনুপ্রাণিত হয়েছেন। নতুন প্রজন্ম সেই আলোকে নিজেদের শাণিত করে একটি মানবিক, অসাম্প্রদায়িক ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে ভূমিকা রাখবেন বলে তিনি প্রত্যাশা করেন। গত ২৫ মে ২০২৩ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সমাধি প্রাঙ্গণে কবি’র ১২৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে উপাচার্য এসব কথা বলেন। জন্মবার্ষিকীর এবারের প্রতিপাদ্য হচ্ছে ‘অগ্নিবীণার শতবর্ষ: বঙ্গবন্ধুর চেতনায় শাণিতরূপ’ ।

জাতীয় কবি’র জন্মবার্ষিকী উপলক্ষ্যে অপরাজেয় বাংলার পাদদেশে থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ শোভাযাত্রা সহকারে কবি’র সমাধিতে গমন, পুষ্পস্তবক অর্পণ ও ফাতেহা পাঠ করেন। এসময় অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন। শ্রদ্ধা নিবেদন শেষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে কবি’র সমাধি প্রাঙ্গণে এক আলোচনা সভা ও সংগীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়। বাংলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. ফাতেমা কাওসারের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং ঢাবি নজরুল গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. সিরাজুল ইসলাম। বাংলা বিভাগের অধ্যাপক ড. সৈয়দ আজিজুল হক অনুষ্ঠানে স্মারক বক্তৃতা প্রদান করেন। সংগীত বিভাগের চেয়ারম্যান ড. দেবপ্রসাদ দাঁ-এর নেতৃত্বে বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ অনুষ্ঠানে নজরুল সংগীত পরিবেশন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, কাজী নজরুল ইসলাম আমাদের বিদ্রোহী ও জাতীয় কবি। তিনি সাম্য, অসাম্প্রদায়িকতা, মানবতা, প্রেম ও ভালোবাসার কবি। বিভিন্ন ক্রান্তিকালে ও সংকটময় পরিস্থিতিতে বঙ্গবন্ধুর কাছে অনুপ্রেরণার অন্যতম উৎস ছিলো কবি নজরুলের কবিতা ও গান। নজরুলের অনবদ্য সৃষ্টি অগ্নিবীণা’র প্রাসঙ্গিকতা সব যুগেই রয়েছে উল্লেখ করে তিনি বলেন, জাতিরাষ্ট্র প্রতিষ্ঠায়, সমাজ পরিবর্তনে এবং মানুষের মুক্তির জন্য বঙ্গবন্ধু শেখ মুজিব যে ঐতিহাসিক আন্দোলন-সংগ্রাম পরিচালনা এবং অপরিসীম ত্যাগ স্বীকার করেছেন, সেক্ষেত্রেও সাহস ও শক্তি জোগাতে অনন্য ভূমিকা রেখেছে নজরুলের অসাধারণ সৃষ্টিকর্ম। নজরুল প্রেমী বঙ্গবন্ধু শেখ মুজিব কবি নজরুলকে ভারত থেকে বাংলাদেশে নিয়ে এসে জাতীয় কবির মর্যাদায় প্রতিষ্ঠিত করে তাঁকে যথার্থভাবে সম্মানিত করেছেন বলে উপাচার্য উল্লেখ করেন।

মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের ২৪ জন শিক্ষার্থীর বৃত্তি লাভ

মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের বিভিন্ন বর্ষের ২৪ জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৮ মে ২০২৩ বিভাগীয় মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে বৃত্তির চেক বিতরণ করেন।

মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. হারুনর রশীদ খানের সভাপতিত্বে বৃত্তি প্রদান অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিসিএসআইআর-এর চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আফতাব আলী শেখ, বিভাগীয় অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান প্রমুখ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যুগোপযোগী গবেষণার মাধ্যমে দেশের পরিবেশ ও জলবায়ু সংরক্ষণ, কৃষি উন্নয়ন এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালনের জন্য মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে উপাচার্য বলেন, সকল বাধা অতিক্রম করে একটি উদার, গণতান্ত্রিক, অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধসম্পন্ন সমাজ বিনির্মাণে তাদের কাজ করতে হবে।

উল্লেখ্য, মোট ২৪ জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়। এর মধ্যে ২০ জন ‘আবদুস সালাম মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড বৃত্তি’, ২ জন ‘আবু নাসের গনি ফান্ড বৃত্তি’ এবং ২ জন ‘মতিয়ার রহমান বৃত্তি’ লাভ করেন। এর আগে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মৃত্তিকা পানি ও পরিবেশ বিভাগের সংস্কার কাজের উদ্বোধন করেন।

২০জন শিক্ষার্থীর ‘আলহাজ্ব মকবুল হোসেন ট্রাস্ট ফান্ড’ বৃত্তি লাভ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ২০ জন মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থী ‘আলহাজ্ব মকবুল হোসেন ট্রাস্ট ফান্ড’ বৃত্তি লাভ করেছেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৪ মে ২০২৩ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে ‘আলহাজ্ব মকবুল হোসেন ট্রাস্ট ফান্ড’-এর দাতা আহসানুল ইসলাম টিটু, এমপি বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে অনুভূতি ব্যক্ত করেন তাজরীন জাহান মুনিয়া এবং সামসন বম। অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ, অভিভাবকবৃন্দ ও দাতা পরিবারের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত আলহাজ্ব মকবুল হোসেন-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনে তিনি কাজ করে গেছেন। দেশের শিক্ষা, স্বাস্থ্য, শিল্প ও কৃষি খাতের উন্নয়নেও তিনি অসাধারণ ভূমিকা রেখেছেন। উপাচার্য বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন জানিয়ে বলেন, এই বৃত্তির মাধ্যমে শিক্ষার্থীরা লেখাপড়ায় আরও অনুপ্রাণিত হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মূল্যবোধ এবং মহান মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে সুনাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ভূমিকা রাখার জন্য উপাচার্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী, ঢাবি সোশ্যাল ওয়েলফেয়ার অ্যালামনাই এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি এবং সাবেক সংসদ সদস্য আলহাজ্ব মকবুল হোসেন ২০২০ সালে ইন্তেকাল করেন।

মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড-এর চীফ ফিন্যান্সিয়াল অফিসার ড. তাপস চন্দ্র পাল তার মায়ের স্মৃতি রক্ষার্থে ‘সুরুচী বালা পাল ট্রাস্ট ফান্ড’ শীর্ষক নতুন একটি ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠার লক্ষ্যে ২০ লাখ টাকার একটি চেক গত ২২ মে ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ-এর কাছে হস্তান্তর করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই ট্রাস্ট ফান্ড গঠন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অর্থনীতি বিভাগের দু’জন মেধাবী শিক্ষার্থীকে ‘ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি ১৯৭৬ স্মৃতি ট্রাস্ট ফান্ড বৃত্তি’ প্রদান করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৫ মে ২০২৩ উপাচার্য লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে বৃত্তি প্রদান অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জিয়া রহমান, দাতা প্রতিনিধি- তথ্য কমিশনার সুরাইয়া বেগম উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের ৫ জন মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থীকে গত ৮ জুন ২০২৩ ‘নাজমা বেগম ট্রাস্ট ফান্ড’ বৃত্তি প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। এসময় অন্যান্যের মধ্যে কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ এবং ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. নাজমা বেগম উপস্থিত ছিলেন।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন, মো: আবু বকর সিদ্দিক ও শুভাশীষ রঞ্জন সরকার, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শারমিন আক্তার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস থেকে মুদ্রিত। ফোন: ৫৫১৬৭৭১৯, ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫